ভোরের কাগজ

1 8 2002

তারিখ ...........
পৃষ্ঠা ২ কলাম ৩

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান

# মে মাসের বেতনভাতা উত্তোলনের সময়সীমা ৩১ জুলাই পর্যন্ত বর্ধিত

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা এবং কারিগরি বেসরকারি এসএসসি (ভোকেশনাল) এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের মে মাসের বেতন-ভাতার সরকারি অংশের টাকা উত্তোলনের সময়সীমা ১১ জুলাই উত্তীর্ণ হয়েছে। অনিবার্য কারণে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে বেতন-ভাতার সরকারি অংশের টাকা উত্তোলন করতে পারেননি তাদের জন্য ৩১ জুলাই পর্যন্ত উত্তোলনের সময়সীমা বাড়ানো হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৪ জুলাইয়ের বিশেষ স্মারক অনুযায়ী সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে অনুত্তোলিত টাকা উত্তোলন করার জন্য প্রতিষ্ঠানকে অনুরোধ করা হয়েছে।

যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক কর্মচারী ২০০১-০২ অর্থবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি, তারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে উক্ত সময়ের টাকা এ সঙ্গে উত্তোলন করতে পারবেন। তথ্য বিবরণী।